



নববর্ষের শুভেচ্ছা বাণী




শুভ নববর্ষ। আজ পহেলা বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ। বাংলা নববর্ষ বাঙালি সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। এ উৎসব সর্বজনীন ও অসাম্প্রদায়িকতার অনুষ্ঠান। প্রতিবছর পয়লা বৈশাখ বাঙালি সংস্কৃতি ও জাতিসত্তা বিকাশের প্রবল শক্তি নিয়ে উপস্থিত হয়। বাংলা নববর্ষ তাই কেবল আনুষ্ঠানিকতা নির্ভর কোনো উৎসব নয়, বরং তা বাঙালির ধর্মনিরপেক্ষতা, অসাম্প্রদায়িক চেতনা, শিকড় সন্ধানের অবিদ্যমান চেতনাবাহী দিন। পয়লা বৈশাখের মঙ্গল শোভাযাত্রা ২০১৬ সালে জাতিসংঘের ইউনেস্কোর সাংস্কৃতিক ঐতিহ্যের স্বীকৃতি পেয়েছে, যা বাঙালি হিসেবে বিশ্বের বুকে আমাদের মর্যাদাকে বাড়িয়ে দিয়েছে।

আসুন, বাঙালিয়ানা ও মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে আমরা ঐক্যবদ্ধভাবে দেশ ও জাতির কল্যাণে আত্মনিয়োগ করি। গড়ে তুলি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও সুখী-সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলাদেশ। নতুন বছরের প্রথম দিনে আমরা অতীতের গ্লানি ভুলে জীবনের এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে আশায় বুক বাঁধি। দেনা-পাওনা চুকিয়ে নতুন করে শুরু হয় জীবনের জয়গান। পয়লা বৈশাখ তাই যুগ যুগ ধরে বাঙালির মননে-মানসে শুধু বিনোদনের উৎস নয়, বৈষয়িক বিষয়েরও আধার। আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যের বিশালত্ব, শাস্ত্র প্রাচীনতা পবিত্র এক অচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ, তাই পয়লা বৈশাখের দিন এক উদ্দীপ্ত প্রেরণায় জেগে ওঠে জাতির আত্মপরিচয়।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সামাজিক, জাতীয় আন্তর্জাতিক সব ধরনের অনুষ্ঠান আয়োজন অনেক বেশি সীমিত হয়ে এসেছে। এই অবস্থা সাময়িক। ইনশা আল্লাহ্ খুব দ্রুত আমরা এই অবস্থা থেকে মুক্তি পাব। সকলকে স্বাস্থ্যবিধি মেনে অফিস ও অন্যান্য কাজ করার জন্য এবং সবসময় মাস্ক পড়ে নিজের ও পরিবারের সুরক্ষা নিশ্চিত করার আহবান জানাচ্ছি।

বঙ্গবন্ধুর বাঙালী জাতীয়তাবাদের চেতনায় উদ্বুদ্ধ হয়ে স্বাধীনতার সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে সম্মিলিত প্রচেষ্টার বিকল্প নেই। ২০৪১ সালে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করার প্রত্যয়ে মাননীয় প্রধান-মন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন পূরণে একসাথে কাজ করতে আমরা সকলে বদ্ধ পরিকর। তাই আসুন মুক্তিযুদ্ধের লক্ষ্য ও চেতনা বাস্তবায়নে নিজ নিজ অবস্থান থেকে আরো বেশি অবদান রাখি এবং দেশ ও জাতিকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে এগিয়ে নেই। বঙ্গবন্ধুর আদর্শ মনে ধারণ করে সকলের ঐকান্তিক প্রচেষ্টায় আমাদের প্রিয় মাতৃভূমি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হোক, এই নববর্ষে এটাই আমার প্রত্যাশা।

আল্লাহ হাফেজ, জয় বাংলা জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।


22/8/2023

রিয়ার এডমিরাল এম শাহজাহান
বিসিজি এমএস, এনপিপি, এনডিসি, পিএসসি
চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ